দৈনিক বাংলা 026

২৪।৭।৮১



# মিন্টু বড় হয়ে প্রকৌশলী হবে

(সংবাদদাতা)

মাগুরা, ২২শে জুলাই।—যশোর বোর্ডের ৮১ সালের এসএসসি পরীক্ষায় এখানকার মোহম্মদপুর আরএসকেএইচ ইনস্টিটিউশনের ছাত্র মোঃ আকবর রেজাউল হায়দার (মিন্টু) সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে।

রেজাউল হায়দার ৬টি লেটারসহ মোট ৮৩৬ নম্বর পেয়েছে। সে মোহম্মদপুর গ্রামের অধিবাসী উপরোক্ত ইনস্টিটিউশনের প্রধান শিক্ষক জনাব আবদুল হাইয়ের প্রথম পুত্র।

স্থানীয় সাংবাদিকদের সাথে এক সাক্ষাৎকারে মিন্টু বলে যে কোন গৃহশিক্ষকের নিকট লেখা-পড়া করেনি। প্রত্যহ ৬/৭ ঘন্টার বেশি পড়াশুনা করতো না। তবে প্রতিদিন নিয়মিত পড়াশোনা করা ছিল তার অভ্যাস। বই পড়া, পত্রমিতালী ও ভ্রমণ তার প্রিয় 'হবি'। মিন্টু নিয়মিত পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করতো। কোন দিন সে স্কুল কামাই করে নাই। গ্রামের বেসরকারী স্কুলের ছাত্ররাও যে ভাল ফল লাভ করতে পারে এটাই ছিল মিন্টুর ব্রত।

মিন্টু বড় হয়ে একজন প্রকৌশলী হওয়ার আশা রাখে। কিন্তু তার পিতা ডাক্তারী পেশা পছন্দ করেন বলে সাংবাদিকদের জানান।